

## উপজেলা আইন-শৃংখলা বিষয়ক উপজেলা কমিটির দ্বি-মাসিক সভার কার্যবিবরণী


সভাপতি : নাজমুল হাসান নীরা  
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দুর্গাপুর নেত্রকোণা।  
তারিখঃ : ০১/০৯/২০২১ খ্রি.  
সময় : বেলা ১০.৩০ ঘটিকা  
স্থান : উপজেলা পরিষদ হলরুল  
উপস্থিতি : পরিশিষ্ট-ক

। সভাপতি উপজেলা আইন-শৃংখলা কমিটির সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয়। পঠিত কার্যবিবরণী সম্পর্কে কোনরূপ সংশোধনী প্রস্তাব না থাকায় তা দৃষ্টিকরণ করা হয়। অতঃপর উপজেলার আইন-শৃংখলা পরিস্থিতি সম্পর্কে এজেন্ডাভিত্তিক নিম্নবর্ণিত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

০১। উপজেলার আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখার লক্ষ্যে নিম্নবর্ণিত বিষয়ে আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

ক্রমিক নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	মানব পাচার প্রতিরোধে ব্যবস্থা গ্রহণ	ক) মানব পাচার প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধিসহ মোটিভেশনাল কার্যক্রম জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়। খ) মানব পাচার প্রতিরোধে আইন-শৃংখলা বাহিনীর নজরদারী অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	মেয়র, দুর্গাপুর পৌরসভা, অফিসার-ইন-চার্জ, দুর্গাপুর থানা, এবং চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল)
০২	মানব পাচার প্রতিরোধে উঠান বৈঠক আয়োজন	মানব পাচার প্রতিরোধে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে নিয়মিত উঠান বৈঠক আয়োজনের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা এবং উপজেলা তথ্যসেবা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা এবং উপজেলা তথ্যসেবা কর্মকর্তা
০৩	উঠান বৈঠকের প্রতিবেদন দাখিল	মানব পাচার প্রতিরোধে আয়োজিত উঠান বৈঠকের মাসিক রিপোর্ট প্রতিমাসে দাখিল করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা এবং উপজেলা তথ্যসেবা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা এবং উপজেলা তথ্যসেবা কর্মকর্তা

সভায় আর কোন আলোচনা না থাকায় সম্মত ও জঙ্গীবাদ প্রতিহত করতে স্ব-স্ব অবস্থান থেকে যথাযথ দায়িত্ব পালনের আহবান জানিয়ে ও সকলের আন্তরিক সহযোগিতা কামনা করে এবং উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



(নাজমুল হাসান নীরা)

সভাপতি

উপজেলা আইন শৃংখলা কমিটি

ও

ভাইস চেয়ারম্যান  
উপজেলা পরিষদ  
দুর্গাপুর, নেত্রকোণা